

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.৭৮৪

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

বিষয় : আজিমপুরছ জাজেস কোয়ার্টার্স-এর ৩/ডি নম্বর ফ্ল্যাটের ভাড়া দ্বিগুন হারে পরিশোধ/কর্তন করার আবেদন না-মঞ্জুর প্রসঙ্গে।

সূত্র: আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৫ এর গত ২৩.০৫.২০২৬ খ্রি. তারিখের ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.৭২০ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনি চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর হিসেবে কর্মরত আছেন। ঢাকার আজিমপুরছ বহুতল জাজেস কোয়ার্টারের ভবনে ৩/ডি নং বাসাটিতে আপনি অবস্থান করছেন। বরাদ্দ বাতিলের পরও আপনি বর্ণিত বাসা হস্তান্তর না করায় সূত্রোক্ত স্মারকে বাসা বরাদ্দ বাতিল পরবর্তী অতিরিক্ত সময়কাল দ্বিগুন হারে ভাড়া পরিশোধ/কর্তনের প্রমানকসহ দ্রুত বাসাটির দখল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। আপনি দ্বিগুন হারে ভাড়া কর্তনের বিষয়টি পুনর্বিবেচনা করার জন্য গত ০১.০৬.২০২৬ তারিখের আবেদন দাখিল করেছেন। গত ০৭.০৬.২০২৬ খ্রি. তারিখের সভায় আপনার আবেদনের বিষয়ে আলোচনা হয়।

এমতাবস্থায়, সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনার আবেদন পুনর্বিবেচনা করার সুযোগ না থাকায় আবেদন না-মঞ্জুর করা হলো। একইসাথে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বাসা হস্তান্তরসহ সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ হতে রাষ্ট্রীয় পরিষেবা (প্রাসঙ্গিক সকল দাবী-দাওয়া/পাওনাদি পরিশোধপূর্বক) সংক্রান্ত বকেয়া না থাকার বিষয়ে না-দাবী সনদ বা ছাড়পত্র গ্রহণসহ অতিরিক্ত সময় দখল বজায় রাখায় Bangladesh Allocation Rules 1982-এর 19(2) -এর আলোকে গত ২৮.০২.২০২৬ তারিখ হতে অদ্যাবধি দ্বিগুন হারে ভাড়া পরিশোধ/কর্তনের প্রমানক এ বিভাগের বাসা বরাদ্দ কমিটির মাননীয় সভাপতি এবং সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) বরাবর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২। ডিস্ট্রিক্ট একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চাঁদপুর-কে উল্লিখিত কর্মকর্তার গত ২৮.০২.২০২৬ তারিখ হতে অদ্যাবধি পর্যন্ত বেতন বিলের কপি আইন ও বিচার বিভাগের বাসা বরাদ্দ কমিটির মাননীয় সভাপতি এবং সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) বরাবর প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোঃ সাইফুর রহমান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjustice div.gov.bd
ফোন: ০২-২২৩৩৫৭৪২০

১। জনাব মুজাহিদুর রহমান
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর।

২। ডিস্ট্রিক্ট একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চাঁদপুর।

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.৭৮৪/১(৭)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, চাঁদপুর।
- ৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, নিউমার্কেট, ঢাকা (দখল হস্তান্তরপূর্বক রিপোর্ট প্রদানের অনুরোধসহ)।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। অফিস কপি।


(মোঃ সাইফুর রহমান)
সিনিয়র সহকারী সচিব